

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 24.10.2024**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১/ অতি প্রবল সামুদ্রিক ঘূর্ণিষ্ঠড় ‘দানা’ আরও শক্তি বাড়িয়ে উত্তর-উত্তর পশ্চিমে  
স্থলভূমির দিকে এগিয়ে চলেছে।

# আজ মধ্যরাত থেকে আগামীকাল সকালের মধ্যে সেটি ওড়িশা ও পশ্চিমবঙ্গের  
মধ্যবর্তী সমুদ্রতট অতিক্রম করবে।

২/ ঘূর্ণিষ্ঠড়ের স্ফোর্জ প্রভাব মোকাবেলায় রাজ্য সরকার সবরকম প্রস্তুতি রেখেছে বলে  
জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

৩/ রাজ্যের ৬'টি বিধানসভা আসনে উপনির্বাচনের প্রস্তুতি নিয়ে আজ বৈঠক করেছেন  
উপনির্বাচন কমিশনার ধর্মেন্দ্র শর্মা।

৪/ রাজ্য মন্ত্রিসভা, স্বাস্থ্য দপ্তরে কর্মী নিয়োগ সহ একগুচ্ছ প্রস্তাবে ছাড়পত্র দিয়েছে।

৫/ তথ্য ও সম্প্রচার মন্ত্রকের যুগ্মসচিব সঞ্জীব শঙ্কর আজ আকাশবাণী কলকাতায়  
হেরিটেজ গ্যালারির উদ্বোধন করেছেন।

৬/ বাংলা অনূর্ধ্ব-১৯ ভীনু মানকড় ট্রফি ক্রিকেটের ফাইনালে উঠেছে।

\*\*\*\*\*

অতি প্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড় দানা আরও শক্তি বাড়িয়ে উত্তর-উত্তর পশ্চিমে স্থলভূমির দিকে এগিয়ে চলেছে। আবহাওয়া দণ্ডের সর্বশেষ খবর অনুযায়ী, পারাদ্বীপ থেকে ১৮০ কিলোমিটার দক্ষিণ পূর্ব, ধামারা থেকে ২১০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণ পূর্ব এবং সাগরদ্বীপ থেকে ২৭০ কিলোমিটার দক্ষিণে অবস্থান করছে।

আজ মধ্যরাত থেকে আগামীকাল সকালের মধ্যে এটি ওড়িশা ও পশ্চিমবঙ্গের মধ্যবর্তী সমুদ্রতট অতিক্রম করবে। আবহাওয়া দণ্ডের পূর্বাঞ্চলীয় অধিকর্তা সোমনাথ দণ্ড জানিয়েছেন, এরাজে ঘূর্ণিঝড় দানা-র সবচেয়ে বেশী প্রভাব পড়বে পূর্ব মেদিনীপুর, দুই ২৪ পরগনা, বাঁকুড়া, হাওড়া, ভগলী ও কলকাতায়।

( বাইট- সোমনাথ দণ্ড )

ইতমধ্যেই সমুদ্র উত্তাল। দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপে বন্ধ রয়েছে ফেরী পরিষেবা। নৌ-চলাচল বন্ধ রয়েছে কলকাতা ও সংলগ্ন জেলাগুলিতে। সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে কলকাতা, হলদিয়া বন্দরে এবং সাগরদ্বীপে বিপদ সক্ষেত্র জারি করা হয়েছে।

ঘূর্ণিঝড় দানা-র প্রভাবে দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবন উপকূলে বাড়ছে ঝড় বৃষ্টির পরিমাণ। সাগর, পাথর প্রতিমা, নামখানা, গোসাবা ও কাকদ্বীপ থেকে বহু মানুষজনকে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

( ভিসি- গৌতম )

উত্তর ২৪ পরগনা জেলাতেও চূড়ান্ত সতর্ক প্রশাসন। সরাসরি চলে যাচ্ছি আমাদের জেলা সংবাদদাতার কাছে। পল্লব, উত্তর ২৪ পরগনা জেলাতেও দুর্যোগ শুরু হয়েছে। প্রশাসনিক তৎপরতা কেমন?

( ভিসি- পল্লব )

দুই মেদিনীপুর, বাঁকুড়া, হাওড়া, ভগলী জেলাগুলিতে তৎপর রয়েছে প্রশাসন।

\*\*\*\*\*

ঘূর্ণিঝড়ের সম্ভাব্য প্রভাব মোকাবিলায় রাজ্য সরকার সবরকমের প্রস্তুতি রেখেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। তিনি নিজে রাতভর নবান্নে থেকে রাজ্যের সার্বিক পরিস্থিতির ওপর নজর রাখবেন বলে মুখ্যমন্ত্রী জানান। একইসঙ্গে সাধারণ মানুষকে কোনোরকম গুজবে কান না দিয়ে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন তিনি। নবান্ন থেকে আমাদের প্রতিনিধি জানাচ্ছেন-

( ভিসি- অভিজ্ঞপ)

দুর্যোগ মোকাবিলায় ৮৫১ টি শিবির খোলা হয়েছে। সেখানে আশ্রয় নিয়েছেন ৮৩ হাজার ৫৮৩ জন। নবান্নে খোলা হয়েছে হেল্পলাইন। নম্বরটি হল- ২২১৪-৩৫২৬।

বিভিন্ন দপ্তরের সচিবদের দুর্যোগ পরিস্থিতির ওপর নজর রাখতে জেলায় জেলায় মোতায়েন করা হয়েছে।

\*\*\*\*\*

কলকাতাতেও পুরসভা সারারাত নজরদারির ব্যবস্থা রেখেছে। বাতিল হয়েছে পুর আধিকারিকদের ছুটি। প্রতিটি বরো এবং এবং ওয়ার্ড ভিত্তিক দলকে প্রস্তুত রাখা হয়েছে। খোলা হয়েছে ২৪ ঘন্টার কন্ট্রোল রুম। জমা জল দ্রুত সরাতে ২৮১ টি নিকাশি মেশিন এবং ৪৫২ টি পাম্পকে কাজে লাগানো হচ্ছে।

পূর্ব ঘোষণা মতোই আজ রাত থেকে শিয়ালদা দক্ষিণ শাখায় বন্ধ থাকছে ট্রেন চলাচল। আগামীকাল'ও বেশ কয়েকটি এক্সপ্রেস ট্রেন বাতিল হয়েছে। এর মধ্যে রয়েছে পাটনা-এর্নাকুলাম এক্সপ্রেস, কলকাতা-পুরী স্পেশাল, মালদা টাউন-দীঘা এক্সপ্রেস, আসানসোল-হলদিয়া এক্সপ্রেস প্রভৃতি। দক্ষিণ পূর্ব রেল'ও আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে ১৭২ টি ট্রেন বাতিল করেছে। চালু হয়েছে বিশেষ হেল্পলাইন নম্বর'ও।

আজ সন্ধ্যে ৬'টা থেকে আগামীকাল সকাল ৯'টা পর্যন্ত বন্ধ থাকছে বিমান উঠানামা।

\*\*\*\*\*

পশ্চিমবঙ্গের ৬ টি বিধানসভা আসনে উপনির্বাচনের প্রস্তুতি এবং নিরাপত্তা ব্যবস্থা নিয়ে উপনির্বাচন কমিশনার ধর্মেন্দ্র শর্মা আজ মুখ্য নির্বাচন আধিকারিক এর দপ্তরে বৈঠক

করেন। ঘূর্ণিকড় দানার তাঙ্গবে ক্ষতিগ্রস্ত ভোটকেন্দ্রগুলি চটজলদি মেরামতিসহ বিকল্প ব্যবস্থা গ্রহণের উপর জোর দেওয়া হয়েছে। আসন্ন নির্বাচনে ৮৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর মোতায়েনের আশ্বাস দেওয়া সত্ত্বেও ভোটে নিরাপত্তা নিয়ে বিরোধীদের অভিযোগের কি কারণ রয়েছে তা সংশ্লিষ্ট আধিকারিকদের কাছ থেকে জানতে চান শ্রী শর্মা। মুখ্য নির্বাচন আধিকারিক আরিজ আফতাব ও অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক ধর দিল্লি থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই বৈঠকে যোগ দেন।

\*\*\*\*\*

নেহাটি বিধানসভা আসনের উপনির্বাচনে আজ মনোনয়ন জমা দিয়েছেন কংগ্রেসের পরেশনাথ সরকার। অন্যদিকে কংগ্রেস প্রার্থী হাবিব রেজা চৌধুরী হাড়োয়া বিধানসভা আসনে এবং হরিহর রায়সিংহ সিতাই আসনে আজ তাঁদের মনোনয়ন জমা দেন।

আলিপুরদুয়ারের মাদারিহাটি বিধানসভা আসনের জন্য বিজেপির রাহুল লোহার আজ মনোনয়ন দাখিল করেছেন। উপস্থিত ছিলেন দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।

এদিকে, হাওড়া বিধানসভা কেন্দ্রে বামফ্রন্ট সমর্থিত ISF প্রার্থী পিয়ারুল ইসলাম আজ প্রার্থীপদ দাখিল করেছেন। সঙ্গে ছিলেন দলের বিধায়ক নৌশাদ সিদ্দিকি। নৌশাদ, রাজ্য অবাধ ও শান্তিপূর্ণ উপনির্বাচনের দাবী জানান।

\*\*\*\*\*

রাজ্য মন্ত্রিসভা স্বাস্থ্য দপ্তরে কর্মী নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। ১৮টি নতুন পদ ও ১৬ টি শূন্যপদে চিকিৎসক -সহ অন্যান্য স্বাস্থ্যকর্মী নিয়োগের সিদ্ধান্ত হয়েছে। নবান্ন সূত্রে খবর, স্বাস্থ্য ছাড়া স্বরাষ্ট্র দপ্তরের কর্মবন্ধু\*\* প্রকল্পে ৫৭ জনকে নেওয়া হবে। জলসম্পদ দপ্তরে ৭ জন, অর্থ দপ্তরে ১ জন ও পরিবেশ দপ্তরে ১ জন- সব মিলিয়ে ১০০টি নতুন ও খালি থাকা পদে নিয়োগের অনুমতি দিয়েছে রাজ্য মন্ত্রিসভা। এছাড়াও কৃষিক্ষেত্রে ব্যয় করার জন্য রাজ্য কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাক্সকে দেড় হাজার কোটি টাকা ঋণ নেওয়ার অনুমতি দেওয়া হয়েছে মন্ত্রিসভায়। নাবার্ড ও রাজ্য সমবায় ব্যাক্স থেকে এই ঋণ নেবে কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাক্স। গ্যারেন্টার থাকবে রাজ্য সরকার। বেসরকারি সংস্থার সঙ্গে

যৌথ উদ্যোগে দুর্গাপুরে ডিপিএল -এ ৬৬০ মেগা ওয়াটের সুপার ক্রিটিক্যাল বিদ্যুৎকেন্দ্র তৈরিতে অনুমোদন দিল মন্ত্রিসভা।

এছাড়াও নিউটাউনে ফিলাসিয়াল হাবে এইচডিএফসি ব্যাঙ্ক কর্তৃপক্ষকে প্রায় সাড়ে ৩ একর জমি লিজে দেওয়া হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গেছে।

\*\*\*\*\*

উচ্চ প্রাথমিকে শিক্ষক নিয়োগের জন্য পশ্চিমবঙ্গ ক্ষুল সার্ভিস কমিশন আগামী ১১ই নভেম্বর থেকে দ্বিতীয় পর্যায়ে কাউন্সিলিং প্রক্রিয়া শুরু করবে। ২৭শে নভেম্বর পর্যন্ত এই প্রক্রিয়া চলবে বলে কমিশনের তরফে জানানো হয়েছে। তার জন্য আজ থেকেই প্রার্থীরা এসএসসির অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে ইন্টিমেশন লেটার ডাউনলোড করতে পারবেন। এই পর্বে ৮ হাজারের বেশি প্রার্থীকে ডাকা হতে পারে বলে সূত্রের খবর।

উল্লেখ্য, এর আগে কলকাতা হাইকোর্ট উচ্চ প্রাথমিকে শূন্য পদে চার সপ্তাহের মধ্যে নিয়োগ প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছে।

\*\*\*\*\*

আকাশবাণী কলকাতায় আজ হেরিটেজ গ্যালারীর উদ্বোধন করলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রকের যুগ্ম সচিব সঞ্জীব শঙ্কর। যোগ দেন এফ এম চ্যানেলের নিলাম সংক্রান্ত এক আউটরোচ প্রোগ্রামে। এই হেরিটেজ গ্যালারীর বিষয়ে তিনি বলেন,

(বাইট- সঞ্জীব শঙ্কর)

আকাশবাণীতে শ্রী শঙ্করকে স্বাগত জানান দপ্তরের প্রধান আশীষ কুমার দে। উপস্থিত ছিলেন অন্যান্য কর্মী আধিকারিকরা।

\*\*\*\*\*

বাংলা অনূর্ধ্ব ১৯ ভিন্ন মানকড় ট্রফি ক্রিকেটের ফাইনালে উঠেছে। রাজকোটে আজ সেমিফাইনালে বাংলা ১৩১ রানে ছত্তিশগড়কে হারিয়ে দিয়েছে। বাংলা প্রথমে ব্যাট করে নির্ধারিত ৫০ ওভারে ৮ উইকেটে ২৮৫ রান তোলে। বিশাল ভাটি ১১১, অক্ষিত চ্যাটার্জী

৯২ রান করেছে। ছত্তিশগড়ের ইনিংস ৪১ ওভার দু'বলে ১৫৪ রানে শেষ হয়ে যায়।  
শনিবার ফাইনালে বাংলা গুজরাতের বিরুদ্ধে খেলবে।

\*\*\*\*\*

ইস্টবেঙ্গল ক্লাবের প্রাক্তন ফুটবলার কাজল চ্যাটার্জী প্রয়াত। বয়স হয়েছিল ৭৪ বছর।  
তিনি ১৯ শো ৭৯ ও ১৯ শো ৮০ সালে ইস্টবেঙ্গলে খেলেছেন। ৮০ সালের ফেডারেশন  
কাপ জয়ী ইস্টবেঙ্গল দলের অন্যতম সদস্য ছিলেন।

\*\*\*\*\*